



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmy@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

নারী অধিকার সম্মুত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ বাংলাদেশ সরকার

নিউইয়র্ক, ১৬ মার্চ ২০১৭ :

“দেশে লিঙ্গসমতা প্রতিষ্ঠা করতে সব ধরনের পদক্ষেপ নিয়েছে বাংলাদেশ সরকার”- আজ জাতিসংঘ সদর দপ্তরে ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (আইপিইউ) আয়োজিত মেয়ে ও ছেলেদের উপর সহিংসতার চক্র ভাঙতে সংসদ সদস্যদের ভূমিকা শীর্ষক এক সাইড লাইন ইভেন্টে একথা বলেন পররাষ্ট্র বিষয়ক সংসদীয় স্ট্যান্ডিং কমিটির সভাপতি ডা: দীপু মনি এমপি। উল্লেখ্য জাতিসংঘের কমিশন অন দ্যা স্টাটাস অব উইমেন (সিএসডব্লিউ) এর চলতি ৬১তম সেশনের অংশ হিসেবে এই সাইড লাইন বৈঠক আয়োজন করে আইপিইউ। সরকারের সকল পর্যায়ে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় প্রতিশ্রুতির কথা উল্লেখ করার পাশাপাশি ডা: দীপু মনি এমপি এ সভায় নারী ও শিশুদের উপর সহিংসতা প্রতিরোধে বাংলাদেশ সরকার যে সকল আইনগত পদক্ষেপ গ্রহণ করেছে তা তুলে ধরেন।

ডা: দীপু মনি এমপি সিএসডব্লিউ’র ৬১তম সেশনে আইপিইউ’র বাংলাদেশ ডেলিগেশনের প্রতিনিধিত্ব করছেন। ডেলিগেশনের অন্যান্য সদস্য হচ্ছেন, আব্দুল লতিফ এমপি ও সায়রা মহসিন এমপি।

বাংলাদেশ প্রতিনিধিদল উপরিউক্ত সাইড ইভেন্ট ছাড়াও “রাইজিং এক্সট্রিমিজম, ম্যাক্রো-ইকোনমিক পলিসিজ্ এ্যান্ড দ্যা রিলিভেন্স অব জেন্ডার অ্যানালাইসিস”, “ইকুয়ালিটি ইন পলিটিক্স: অ্যানাদার ফিফটি ইয়ারস্ টু রিচ ৫০-৫০?”, “জেন্ডার ইকুয়ালিটি ইন ন্যাশনাল ল’জ” এবং “ভায়োলেন্স এগেনিস্ট উইমেন ইন পলিটিক্স: নেম ইট, ইনভেস্টিগেট ইট, এলিমিনেট ইট” নামক সাইড ইভেন্টগুলোতেও অংশগ্রহণ করেন। জাতিসংঘ ও আইপিইউ যৌথভাবে এসকল ইভেন্টের আয়োজন করে। এসকল ইভেন্টে বাংলাদেশ প্রতিনিধিদল সমাজে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠায় সংসদের ভূমিকা এবং নারীর সুরক্ষা ও অগ্রসরতা একটি দেশের আর্থ-সামাজিক অগ্রগতিতে কীভাবে ভূমিকা রাখতে পারে তা তুলে ধরেন।

এদিকে সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসান হাইটে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত এক সভায় যোগ দেন ডা: দীপু মনি এমপি। তিনি এ সভায় প্রবাসীদের কল্যাণে নেওয়া সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন।

আগামীকাল জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত “ইমপাওয়ারিং পার্লামেন্টস্ টু ইমপাওয়ার উইমেন : মেকিং দ্যা ইকোনমি ওয়ার্ক ফর উইমেন” বিষয়ক আইপিইউ’র আরও একটি ইভেন্টে অংশ নিবে বাংলাদেশ প্রতিনিধিদল।

জাতিসংঘ সদরদপ্তরে গত ১৩ মার্চ ২০১৬ শুরু হওয়া সিএসডব্লিউ’র এই সেশন আগামী ২৪ মার্চ ২০১৭ পর্যন্ত চলবে। জাতিসংঘের সদস্য রাষ্ট্র ছাড়াও এর বিভিন্ন সংস্থা এবং বিশ্বের বিভিন্ন অঞ্চল থেকে আসা ইকোসক নিবন্ধিত এনজিওসমূহ এই সেশনে অংশগ্রহণ করছে।